

INTERNATIONAL NUTRITION OLYMPIAD 2021 Let The Youth Lead



অ্যাকশন ট্রি কার্যক্রমের নির্দেশিকা

কিশোর-কিশোরী এবং তরুণদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে পুষ্টি সমৃদ্ধ সমাজ গঠনে সম্মিলিত উদ্যোগের বার্ষিক জাতীয় অনুষ্ঠান হলো নিউট্রিশন অলিম্পিয়াড। BIID Foundation বিভিন্ন সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের সহযোগিতায় যৌথ ভাবে ২০১৭ সাল থেকে এই অনুষ্ঠানের আয়োজন করে আসছে। পুষ্টি বিষয়ে জাতীয় এবং আন্তর্জাতিক লক্ষ্য সমূহ অর্জনে তরুণদের নেতৃত্বে নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে।

আগামী ২১ ডিসেম্বর, ২০২১ “আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১” আয়োজন করা হবে। নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজনকে সমগ্র বিশ্বে ছড়িয়ে দিতে এবং কিশোর-কিশোরী ও তরুণদের অংশগ্রহণকে উৎসাহিত করার জন্য ২০২১ সাল থেকে আন্তর্জাতিক পর্যায়ে নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজনের উদ্দেশ্য নেওয়া হয়েছে। প্রতিবারের মতো এবারো নিউট্রিশন অলিম্পিয়াডে বিভিন্ন প্রতিযোগিতা ও কার্যক্রম এর আয়োজন করা হয়েছে।

এ বছর আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড এ অ্যাকশন ট্রি কার্যক্রমে অংশগ্রহণের জন্য ১০ - ২৪ বছর বয়সীদের আহ্বান করা হচ্ছে। অ্যাকশন ট্রি কার্যক্রমে অংশগ্রহণের নিয়মাবলী নীচে দেয়া হলোঃ

বয়স ভিত্তিক গ্রুপ:

ক	খ
১০-১৮	১৯-২৪

বিষয়বস্তু:

ক গ্রুপ: “শিক্ষা প্রতিষ্ঠান পরিচ্ছন্ন রাখতে আমি কী করতে পারি”?

খ গ্রুপ: “সকলের পুষ্টি নিশ্চয়তায় আমি কী করতে পারি”?

এ বছর আপনাকে উক্ত বিষয়ের উপর ভিত্তি করে একটি পদক্ষেপ বা অ্যাকশন ট্রি লিখতে হবে।



প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নির্দেশনা:

যোগ্যতাঃ নিউট্রিশন ক্লাব সদস্য, শিক্ষার্থী এবং নির্ধারিত বয়সসীমার সকল কিশোর-কিশোরী, তরুণ-তরুণী যারা আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১ এর ওয়েবসাইট এর মাধ্যমে রেজিস্ট্রেশন করবে তারা সবাই অংশগ্রহণ করতে পারবেন।

রেজিস্ট্রেশন: আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১ ওয়েবসাইট এর মাধ্যমে প্রত্যেক অংশগ্রহণকারীকে রেজিস্ট্রেশন এর সময় প্রতিযোগিতার বিষয় “অ্যাকশন ট্রি” নির্বাচন করতে হবে।

ভাষা: বাংলা অথবা ইংরেজি।

রেজিস্ট্রেশনের শেষ সময়: ১০/১২/২০২১

স্কোরিং:

ক্রমিক নং	বিষয়বস্তু	নম্বর
১.	বিষয়বস্তু উপস্থাপন	৩০
২.	প্রাসঙ্গিকতা/তথ্য	৩০
৩.	পদক্ষেপ/পুষ্টি বার্তা	২০
৪.	সৌন্দর্য্য	১০
৫.	নিয়মাবলী অনুসরণ	১০

অ্যাকশন ট্রি কার্যক্রমের জমাদানের নিয়মাবলি:

- উপরোক্ত বিষয় সম্পর্কিত পদক্ষেপটি সর্বোচ্চ ১০ শব্দের মধ্যে লিখতে হবে।
- নাম, বয়স ভিত্তিক গ্রুপ, অর্ডার নাম্বার, শিক্ষা প্রতিষ্ঠানের নাম উল্লেখ করে A4 সাইজের কাগজে লিখে পিডিএফ করে Google Form লিংকে ১০ ডিসেম্বর (রাত ১১.৩০ মিনিট) মধ্যে জমা দিতে হবে। সাবমিট লিংক: <https://forms.gle/SY2zaiwy28Ynoqpp6>

প্রাথমিক বাছাই: অ্যাকশন ট্রি এ রেজিস্ট্রেশনকৃত প্রতিযোগীর পাঠানো তথ্যের উপর ভিত্তি করে চূড়ান্ত পর্বের জন্য প্রতিযোগী নির্বাচন করা হবে।

চূড়ান্ত বাছাই: প্রাথমিক বাছাইয়ে উত্তীর্ণ প্রতিযোগীকে চূড়ান্ত বাছাইয়ের জন্য ই-মেইলের মাধ্যমে ZOOM লিংক এবং প্রতিযোগিতার পরবর্তী বিষয় ১৭/১২/২০২১ তারিখে পাঠিয়ে দেওয়া হবে এবং চূড়ান্ত বাছাইকৃত প্রতিযোগীদের ২১/১২/২০২১ তারিখে ZOOM মিটিং এর মাধ্যমে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হবে।

যোগাযোগ: অ্যাকশন ট্রি কার্যক্রম নিয়ে যেকোন প্রশ্ন থাকলে যোগাযোগ করুন, মারুফা মিথিল এর সাথে ফোন: +৮৮০১৭৫৭৫৭১৭৪৬ নাম্বারে/ই-মেইল: bristywork123@gmail.com অথবা ই-মেইল: ino@biid.org.bd, ফোন: +৮৮০১৭৮২৫১০০৮৯.

অন্যান্য:

- ২টি গ্রুপ থেকে সর্বোচ্চ স্কোরধারীকে আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১ এর সমাপনী অনুষ্ঠানে বিজয়ী ঘোষণা করা হবে।
- নির্বাচিত পদক্ষেপ সমূহ প্রতিযোগীর নাম, প্রতিষ্ঠান সহ আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড এর ওয়েব সাইটে আপলোড করা হবে।

বিশেষ দৃষ্টব্য:

- যেকোনো প্রকারের অসদুপায় অবলম্বনের চেষ্টা করলে ফলস্বরূপ প্রতিযোগিতায় অযোগ্য বলে বিবেচনা করা হবে।
- বিচারকগণের সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।

একজন অংশগ্রহণকারী/একটি দল সর্বোচ্চ তিনটি প্রতিযোগিতার জন্য আবেদন করতে পারবে।

